# আর-রাহীকুল মাখতূম

বিভাগ/অধ্যায়ঃ গাযওয়ায়ে বদরে কুবরা- ইসলামের প্রথম ফায়সালাকারী যুদ্ধ (غَزْوَةُ بَدْرِ الْكُبْرٰى َاوَّلُ مَعْرِكَةٍ مِنْ مُعَارِكِ الْإِسْلَامِ الْفَاصِلَةِ)

রচয়িতা/সঙ্কলকঃ আল্লামা সফিউর রহমান মোবারকপুরী (রহঃ)

৩. গাযওয়ায়ে বনী ক্বাইনুক্বা’ বা ক্বাইনুক্বা’ অভিযান (غَـزْوَةُ بَنِيْ قَيْنُقَاعِ):

রাসূলুল্লাহ (ﷺ) মদীনায় আগমনের পর ইহুদীদের সঙ্গে তিনি যে চুক্তি করেছিলেন তার দফাগুলো ইতোপূর্বে আলোচিত হয়েছে। রাসূলুল্লাহ (ﷺ)_এর পূর্ণ চেষ্টা ও ইচ্ছা ছিল যে, এ চুক্তি পত্রে যে সব শর্ত আরোপিত হয়েছে সেগুলো যেন পুরোপুরিভাবে পালিত হয়। সুতরাং মুসলিমরা এমন এক পদও অগ্রসর হননি যা এ চুক্তি নামার কোন একটি অক্ষরেরও বিপরীত হয়। কিন্তু ইহুদীদের ইতিহাস বিশ্বাসঘাতকতা, হঠকারিতা এবং প্রতিজ্ঞা ভঙ্গে পরিপূর্ণ। তারা অতি তাড়াতাড়ি তাদের পূর্ব স্বভাবের দিকে ফিরে গেল। তারা মুসলিমদের মধ্যে পারস্পরিক দ্বন্দ্ব-কলহ এবং গন্ডগোল বাধাবার চেষ্টায় লেগে পড়লো। এর একটি দৃষ্টান্ত পেশ করা হচ্ছে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=6219

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন